PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–101

(বাংলা সাহিত্যের সমাজতত্ত্ব)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। বাংলা ও বাঙালির ইতিহাস আলোচনায় অপরিহার্য যে কোনো দুটি গ্রন্থের নাম প্রকাশকালসহ উল্লেখ করো। ''বাঙালির রাজনৈতিক-সাংস্কৃতিক ইতিহাসের প্রাক্-পর্বটি নৃতত্ত্বের দৃষ্টি থেকেও খুব গুরুত্বপূর্ণ।'' বাঙালি জাতির হয়ে ওঠার ক্ষেত্রে এই পর্বের গুরুত্ব কতটা তা বিস্তারিতভাবে আলোচনা করো। ৪+১০=১৪

২। 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থটি কার লেখা? কোন্ বিখ্যাত ব্যাকরণ গ্রন্থে 'গৌড়' শব্দের সন্ধান পাওয়া যায়? ''বাঙালির ভাষা, দেশ ও জাতিসত্তার অবয়বসংস্থান এক সুদীর্ঘ সামাজিক-সাংস্কৃতিক সংশ্লেষণ প্রক্রিয়ার মধ্য দিয়ে সম্ভব হয়েছিল।'' ইতিহাসের পরম্পরা অনুসরণ করে উক্তিটির যাথার্থ্য ব্যাখ্যা করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। মধ্যযুগের চৈতন্য-পরবর্তী বাংলা সাহিত্য-ধারার নাম উল্লেখ করো। যে কোনো একটি সাহিত্যকৃতির নিবিড় পাঠের আলোকে তৎকালীন বঙ্গজীবনের সমাজ-সংস্কৃতির একটি রূপচিত্র নির্মাণ করো। ২+১২=১৪

৪। বৌদ্ধদর্শনে কত প্রকার জ্ঞানের কথা উল্লেখিত? চারটি আর্যসত্যের নাম লেখো। বৌদ্ধধর্ম সাধনায় প্রজ্ঞা এবং বিমুক্তি মার্গের স্বরূপ আলোচনা করো। ১+২+১১=১৪

গ—গুচ্ছ

৫। 'ফোকলোর সোসাইটি অফ্ লণ্ডন' কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল? সংস্কৃতির তিনটি পর্বের নামোল্লেখ করো। উদাহরণসহ লোকসাহিত্যের শাখাগুলি সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

৬। সেন রাজসভার পঞ্চকবিরত্নের নাম লেখো। বাংলা রোমান্টিক প্রণয়কাব্যের ধারায় আরাকান রাজসভার অবদান বিষয়ে আলোচনা করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। 'রেনেসাঁ' শব্দটির অন্তর্নিহিত অর্থ লেখো। ইউরোপে রেনেসাঁর উদ্ভব ও বিকাশের শর্তগুলি কী কী? উনিশ শতকের বাঙালি সমাজে নবজাগরণের প্রেক্ষাপট, ভাবদ্বন্দ্ব ও বিকাশের স্বরূপ আলোচনা করো। ১+৩+১০=১৪

৮। উনিশ শতকের বাংলার নবজাগরণের দুজন অগ্রদূতের নাম লেখো। উনিশ শতকে বাংলায় 'নব্য হিন্দুবাদ' কোন্ কোন্ বিষয়ের উপর গুরুত্ব আরোপ করেছিল? ''উনিশ শতকের বাংলা গদ্যের ব্যাকরণ রাজনীতির ব্যাকরণ থেকে আলাদা হতে পারেনি।'' সমালোচকের এমত ভাবনা কতটা যুক্তিযুক্ত, বিশদে আলোচনা করো। ২+২+১০=১৪

ঙ—গুচ্ছ

৯। আধুনিকতা বলতে কী বোঝ? উনিশ শতকের বাঙালির আধুনিকতাকে 'ঔপনিবেশিক আধুনিকতা' বলবার কারণ কী? উনিশ শতকের বাংলা সাহিত্যে অভিব্যক্ত আধুনিকতার ঔপনিবেশিক চরিত্র সম্পর্কে আলোকপাত করো। ৩+৪+৭=১৪

১০। 'গণ-অসন্তোষ ও উনিশ শতকের বাঙালি সমাজ' গ্রন্থটি কার লেখা? বাংলা সাহিত্যে উনিশ শতকের ব্রিটিশ বিরোধী গণ-অসন্তোষগুলি কতটা ধরা পড়েছে, পর্যালোচনা করো। ১+১৩=১৪

★★★